

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৪/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ আব্দুল্লাহ আল রায়হান
পিতা-সিরাজ উদ্দিন
ই-৩৪, আগারগাঁও
ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ : জনাব হোসাইন মোহাম্মদ এমরান
শিক্ষা অফিসার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ আব্দুল্লাহ আল রায়হান ২৭-১০-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব হোসাইন মোহাম্মদ এমরান বরাবরে জি ই পি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- গত ১৩-০৩-২০১৩ তারিখে পেশকৃত জনাব মোঃ শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, মাননীয় সংসদ সদস্য, ২৭৬, লক্ষ্মীপুর-৩, এর ডি.ও পত্রের আলোকে বর্ণিত ৬টি প্রাথমিক বিদ্যালয়ে খেলার সামগ্রী প্রদানের বিষয়ে অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-১২-২০১৩ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০২-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০২-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৩-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। অভিযোগকারী সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয়। ২৪-০৩-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয়। ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ আব্দুল্লাহ আল রায়হান গরহাজির। প্রতিপক্ষ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব হোসাইন মোহাম্মদ এমরান হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর নিকট হতে তথ্য প্রাপ্তির কোন আবেদন পাওয়া যায়নি। আপীল আবেদন করার পর অভিযোগকারীর প্রার্থীত তথ্য সম্পর্কে তিনি অবগত হয়েছেন। তিনি আরও উল্লেখ করেন যে, অভিযোগকারীর পক্ষ থেকে ফরম 'ক' মোতাবেক কোন আবেদন পত্র না পাওয়ায়, সংসদ সদস্যের ডিও পত্রের বিষয়ে অবহিত না থাকায় এবং ৬টি বিদ্যালয়ের নাম ঠিকানা সংক্রান্ত সংযুক্ত কপি না পাওয়ায় অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি।

(অ: পৃ: দ্র:)

০৭। অভিযোগকারী খেলার সামগ্রী বিবরণের তথ্য চেয়েছেন। এ বিষয়ে অভিযোগকারী ক্রীড়া অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট আবেদন করলে তথ্য পেতে পারেন। এ বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে অবগত করতে পারতেন, কমিশনের এমন মতামতের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে অবগত করার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন।

পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট আবেদন না করে ক্রীড়া অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট আবেদন করলে প্রার্থিত তথ্য পেতে সহজতর হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার যাচিত তথ্য পাওয়ার জন্য যথাযথ দপ্তরের আবেদন করার পরামর্শ প্রদানের নিশ্চয়তা দেয়ায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অভিযোগকারীকে ক্রীড়া অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট আবেদন করার পরামর্শ প্রদানের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার